

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল.০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৭ - ৪৬২

তারিখ: ০৩.০৭.২০১৮ খ্রি।

বিষয়: কুড়িগ্রাম জেলার রাজিবপুর উপজেলাধীন চর রাজিবপুর আলিম মাদরাসার সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব মো: সুরুত জামান (ইনডেক্স নং- ৩৮৮২৩২) এর এমপিও শীটে তাঁর নামের বিপরীতে পদবী সহকারী শিক্ষক (ইংরেজি)/At Eng সংযোজন প্রসঙ্গে।

সূত্র: (১) চর রাজিবপুর আলিম মাদরাসা এর স্মারক নং-চরাআমা/রাজিব/কুড়ি/২০০৮-৪-(১)

তারিখ: ০৪.০৪.২০১৮ খ্রি।

(২) জেলা শিক্ষা অফিস, কুড়িগ্রাম এর স্মারক নং-জেসিঅ/কুড়ি/৪৭৯

তারিখ: ০৯.০৪.২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বর্ণিত মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক তাঁর মাদরাসার সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব মো: সুরুত জামান (ইনডেক্স নং-৩৮৮২৩২) এর এমপিও শীটে তাঁর নামের বিপরীতে পদবী সহকারী শিক্ষক (ইংরেজি)/At Eng সংযোজন বিষয়ক একখানা আবেদন সূত্রোক্ত ১ নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম বরাবর দাখিল করা হয়।

০২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম কর্তৃক অধ্যক্ষের আবেদনটি সূত্রোক্ত ২ নং স্মারকে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম কর্তৃক অগ্রায়নকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি নিম্নোক্তভাবে পর্যালোচনা করা হয়-

ক্রমিক	নাম, প্রতিষ্ঠানের নাম	এমপিও শীটে মুদ্রিত পদবী	এমপিও শীটে সঠিক পদবী মুদ্রিত হবে	পর্যালোচনা
০১.	জনাব মো: সুরুত জামান (ইনডেক্স নং-৩৮৮২৩২), সহকারী শিক্ষক (ইংরেজি), চর রাজিবপুর আলিম মাদরাসা, রাজিবপুর, কুড়িগ্রাম	কোন পদবী উল্লেখ নেই	সহকারী শিক্ষক (ইংরেজি)/At Eng.	দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, ১২.০৩.২০১৮ তারিখের গভর্নিং বডি'র ২ নং সিদ্ধান্তে জনাব মো: সুরুত জামানের নামের পাশে এমপিও শীটে পদবী ইংরেজি)/At Eng সংযোজনের জন্য আবেদন জানানো হয়েছে। চর রাজিবপুর আলিম মাদরাসার ম্যানেজিং কমিটির ৩০.০৫.১৯৯৫ তারিখের সিদ্ধান্তের আলোকে ৩০.০৫.১৯৯৫ তারিখে প্রদত্ত নিয়োগ পত্র মোতাবেক জনাব মো: সুরুত জামান ০১.০৬.১৯৯৫ তারিখে বিষয়োক্ত মাদরাসায় সহকারী শিক্ষক (ইংরেজি) পদে যোগদান করেন (কপি সংযুক্ত)। এরপর আগস্ট, ১৯৯৫ মাসে তিনি জনাব মো: সুরুত জামান) ০৯ কোডের বিপরীতে এমপিওভুক্ত হন কিন্তু প্রথম আগস্ট, ১৯৯৫ মাসের এমপিও শীটে তাঁর নামের বিপরীতে পদবী সহকারী শিক্ষক (ইংরেজি)/At Eng. হিসেবে সংযোজিত হওয়া প্রয়োজন ছিল কিন্তু অদ্যাবধি কোন এমপিও কপিতেই তাঁর (জনাব মো: সুরুত জামান) নামের পাশে পদবী মুদ্রিত হয়নি। উল্লেখ্য যে, জনাব মো: সুরুত জামান এর আগস্ট, ১৯৯৫ মাসের এমপিও শীটে ও জানুয়ারী, ২০১৮ মাসের এমপিও শীটে এক ও অভিন্ন ইনডেক্স নং- ৩৮৮২৩২ পরিলক্ষিত হয়েছে (কপি সংযুক্ত)। এ ছাড়া পত্রিকার বিজ্ঞাপনসহ নিয়োগ সংক্রান্ত সকল কাগজ-পত্রে সহকারী শিক্ষক (ইংরেজি) হিসেবে উল্লেখ আছে। নিয়োগ পত্র ও যোগদান পত্রসহ সংশ্লিষ্ট সকল কাগজ-পত্রে তাঁর (মো: সুরুত জামান) নামের বিপরীতে সহকারী শিক্ষক (ইংরেজি) উল্লেখ আছে এবং মাধ্যমিক স্তরের সনদসহ সংশ্লিষ্ট সকল কাগজ-পত্রে তাঁর নাম (মো: সুরুত জামান) ও পিতার নাম (মো: জসিম উদ্দিন) সহ ঠিকানা এক ও অভিন্ন পরিলক্ষিত হয়েছে। উল্লেখ্য যে, এমপিও শীটে তাঁর (মো: সুরুত জামান) নামের পাশে পদবী সহকারী শিক্ষক (ইংরেজি)/At Eng. সংযোজিত হলে সরকারের আর্থিক কোন ক্ষতির সম্ভাবনা নেই।

০৪. উপরিউক্ত মতে এমপিও শীটে জনাব মো: সুরুত জামান (ইনডেক্স নং-৩৮৮২৩২) এর নামের বিপরীতে পদবী সহকারী শিক্ষক (ইংরেজি)/At Eng.

সংযোজন বিষয়ক আবেদন মঞ্জুরক্রমে তাঁর পদবী সহকারী শিক্ষক (ইংরেজি)/At Eng হিসেবে সংযোজন করা হলো।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত সংযোজন মতে এমপিও শীটে প্রয়োজনীয় সংযোজন আনয়নের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে - ০৭ ফর্দ।



(মো: বিল্লাল হোসেন)

মহাপরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৫৯

ই-মেইল-[gdmeb@gmail.com](mailto:gdmeb@gmail.com)

মহাপরিচালক,

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রামার-১, ই,এম,আই,এস সেল, মাউশি অধিদপ্তর।

অনুলিপি: ১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর অঞ্চল।

৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।

৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজিবপুর, কুড়িগ্রাম।

৫. অফিস কপি।